"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ শিশু একাডেমি
দোয়েল চত্বর সড়ক
শাহবাগ, ঢাকা-১০০০
www.shishuacademy.gov.bd

স্মারক নং : ৩২.০৩.০০০০.৪০১.৩১.০০১.২১-২২৯৩(১৭৭৮) তারিখ : ২১.১০.২০২১ খ্রি.

**বিষয় : স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি বাস্তবায়ন প্রসঙ্গে।**

বাংলাদেশ শিশু একাডেমির উদ্যোগে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়েছে। নিম্নলিখিত নির্দেশনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো :

কর্মসূচি :

১। রচনা প্রতিযোগিতা :

'ক' বিভাগ : ৩য় থেকে ৫ম শ্রেণি, বিষয় : মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু
'খ' বিভাগ : ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি, বিষয় : মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু
'গ' বিভাগ : ৯ম থেকে ১০ম শ্রেণি, বিষয় : বঙ্গবন্ধু এবং রাষ্ট্র পুনর্গঠন

২। চিত্রাংকন প্রতিযোগিতা :

'ক' বিভাগ : ৩য় থেকে ৫ম শ্রেণি, বিষয় : মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু
'খ' বিভাগ : ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি, বিষয় : মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু
'গ' বিভাগ : ৯ম থেকে ১০ম শ্রেণি, বিষয় : মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু ও বাংলাদেশ
'ঘ' বিভাগ : বিশেষ চাহিদাসম্পন্ন শিশু, বিষয় : উন্মুক্ত।

প্রতিযোগিতার সময়সূচি :

ক. থানা/উপজেলা পর্যায় - ১২ নভেম্বর থেকে ১৩ নভেম্বর ২০২১
খ. জেলা পর্যায় - ১৯ নভেম্বর থেকে ২০ নভেম্বর ২০২১
গ. বিভাগীয় পর্যায় - ২৬ নভেম্বর থেকে ২৭ নভেম্বর ২০২১
ঘ. জাতীয় পর্যায় - ০২ ডিসেম্বর ২০২১

* প্রতিযোগিতা পরিচালনার জন্য অর্থ বরাদ্দের বিষয়টি পরবর্তীতে জানানো হবে।
* প্রতিযোগিতা পরিচালনার নিয়মাবলি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্ত নিয়মাবলি অনুয়ায়ী স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য উল্লিখিত কর্মসূচিসমূহ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো।

২১.১০.২০২১
জ্যোতিলাল কুরী
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ শিশু একাডেমি
ই-মেইল : dgbsa64@gmail.com

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা
বাংলাদেশ শিশু একাডেমি
----------------------------জেলা।

**অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. বিভাগীয় কমিশনার,-------------------------------------------------- বিভাগ।
২. জেলা প্রশাসক ও সভাপতি জেলা শাখা পরিচালনা কমিটি, বাংলাদেশ শিশু একাডেমি ----------------------------------------জেলা।
৩. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা শাখা পরিচালনা কমিটি, বাংলাদেশ শিশু একাডেমি ------------------------------উপজেলা।
৬. জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার------------------------------------------ জেলা।
৭. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার----------------------- উপজেলা---------------------- জেলা।
৮. উপজেলা/থানা শিক্ষা অফিসার--------------------------উপজেলা------------------------------ জেলা।
৯. হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
১০. অফিস কপি।

# <u>প্রতিযোগিতা পরিচালনা নিয়মাবলি</u>

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমি সারাদেশব্যাপী শিশুদের মাঝে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন করতে যাচ্ছে। দিনটি উৎসব মুখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে। তৃণমূল পর্যায়ের শিশুদের অংশগ্রহণের লক্ষ্যে এ প্রতিযোগিতা উপজেলা থেকে শুরু হয়ে পর্যায়ক্রমে জাতীয় পর্যায়ে সমাপ্ত হবে। বয়স ও শ্রেণি অনুযায়ী শিশুরা এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

নিম্নবর্ণিত নিয়মাবলি অনুসরণপূর্বক প্রতিযোগিতা পরিচালিত হবে:

<u>প্রতিযোগিতা পরিচালনার নিয়মাবলি</u> :
উপজেলাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিশুরা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। উপজেলা/থানা পর্যায়ে প্রথম স্থান অধিকারী শিশুরা জেলা পর্যায়ে, জেলা পর্যায়ে প্রথম স্থান অধিকারী শিশুরা বিভাগীয় পর্যায়ে এবং বিভাগীয় পর্যায়ে প্রথম স্থান অধিকারী শিশুরা চূড়ান্ত (জাতীয়) পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পাবে।

প্রতিযোগিতার বিভাগ ও বিষয়সমূহ:

রচনা প্রতিযোগিতা

- 'ক' বিভাগ : ৩য় থেকে ৫ম শ্রেণি, বিষয় : মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু
- 'খ' বিভাগ : ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি, বিষয় : মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু
- 'গ' বিভাগ : ৯ম থেকে ১০ম শ্রেণি, বিষয় : বঙ্গবন্ধু এবং রাষ্ট্র পুনর্গঠন

চিত্রাংকন প্রতিযোগিতা :

- 'ক' বিভাগ : ৩য় থেকে ৫ম শ্রেণি, বিষয় : মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু
- 'খ' বিভাগ : ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি, বিষয় : মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু
- 'গ' বিভাগ : ৯ম থেকে ১০ম শ্রেণি, বিষয় : মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু ও বাংলাদেশ
- 'ঘ' বিভাগ : বিশেষ চাহিদাসম্পন্ন শিশু, বিষয় : উন্মুক্ত।

প্রতিযোগিতার সময়সূচি :

| | |
|---|---|
| ক. থানা/উপজেলা পর্যায় | - ১২ নভেম্বর থেকে ১৩ নভেম্বর ২০২১ |
| খ. জেলা পর্যায় | - ১৯ নভেম্বর থেকে ২০ নভেম্বর ২০২১ |
| গ. বিভাগীয় পর্যায় | - ২৬ নভেম্বর থেকে ২৭ নভেম্বর ২০২১ |
| ঘ. জাতীয় পর্যায় | - ০২ ডিসেম্বর ২০২১ |

বিচারক প্যানেল :

প্রতিটি বিভাগে কমপক্ষে তিন সদস্যের বিচারক প্যানেল গঠন করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞদের নিয়ে বিচারক প্যানেল গঠন করা যেতে পারে।

উপজেলা পর্যায়ের প্রতিটি বিষয়ে প্রতিটি বিভাগে ১ম স্থান অধিকারির রচনা ও চিত্রাংকন টপশীটে মূল্যায়নকারী প্যানেলের স্বাক্ষর এবং উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরসহ ১৭ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে জেলা শিশু বিষয়ক কর্মকর্তার নিকট পৌছাতে হবে।

একইভাবে ২৪ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে জেলা পর্যায়ের প্রতিযোগিতা শেষ করে প্রতিটি বিষয় ও প্রতিটি বিভাগের ১ম স্থান অধিকারির রচনা ও চিত্রাংকন টপশীটে মূল্যায়নকারী প্যানেলের স্বাক্ষর এবং অতিরিক্ত জেলা প্রশাসক অথবা তাঁর মনোনীত কোন দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরসহ বিভাগীয় জেলার জেলা শিশু বিষয়ক কর্মকর্তার নিকট পৌছানো নিশ্চিত করতে হবে।

বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা শেষে ৩০ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে রচনা ও চিত্রাংকন টপশীটে মূল্যায়নকারীর স্বাক্ষর এবং বিভাগীয় জেলার অতিরিক্ত জেলা প্রশাসক অথবা তার মনোনীত কোন দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরসহ মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা-১০০০ বরাবর পৌছাতে হবে।

<u>**অবশ্যই পালনীয় বিষয়াবলী**</u> :

॥ নির্দিষ্ট সময়সীমার পরে প্রাপ্ত কোন লিখিত রচনা ও আঁকা ছবিসমূহ বিবেচনা করা হবে না।

॥ উপজেলা পর্যায়ে জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা আয়োজন বিষয়ক কমিটি এবং জেলা ও বিভাগীয় পর্যায়ে বাংলাদেশ শিশু একাডেমির জেলা শাখা পরিচালনা কমিটি প্রতিযোগিতার আয়োজন করবে।

॥ লিখিত রচনা ও আঁকা ছবিসমূহ নির্ধারিত সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি উপজেলা নির্বাহী কর্মকর্তা/উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তার নিকট পৌছাতে হবে। তবে মহানগরের ক্ষেত্রে থানা শিক্ষা অফিসারের নিকট পৌছাতে হবে।

॥ ক' বিভাগের প্রতিযোগিতায় রচনা ৩০০ শব্দের মধ্যে, 'খ' বিভাগের প্রতিযোগিতায় রচনা ৫০০ শব্দের মধ্যে ও 'গ' বিভাগের প্রতিযোগিতায় রচনা ৮০০ শব্দের মধ্যে হতে হবে।

॥ চিত্রাংকনের সকল বিভাগের কার্টিজ পেপার এর দৈঘ্য ১৬" (ষোল ইঞ্চি/৪০ সে:মি:) এবং প্রস্থ ১১" (এগার ইঞ্চি/২৮ সে:মি:) হবে।

চিত্রাংকনের মাধ্যম :- জল রং/প্যাস্টেল কালার

॥ সকল জেলা, উপজেলা এবং বিভাগীয় পর্যায়ের বিজয়ী শিশুদের পুরস্কার ও সনদপত্র প্রদান করতে হবে।